




ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর  
গাজীপুর-১৭০৭



স্মারক নং-ঢাপ্রপ্রবি/নিলাম/২০২৩-২৪/৩২

তারিখ : ১২/০২/২০২৪ খ্রিঃ


## নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর মূল ক্যাম্পাসে নিম্নে বর্ণিত স্থাপনা ও পুরাতন/অকেজো/পরিত্যক্ত মালামাল/“যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায়” নির্ধারিত নিলাম দরপত্রের মাধ্যমে নিলামে বিক্রয়ের জন্য প্রকৃত ঠিকাদারী প্রতিষ্ঠান/ব্যক্তির নিকট হতে সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | বিবরণ   | সিডিউল গ্রুপ |
|---------|---|--------------|
| ১.      | বিশ্ববিদ্যালয়ের কর্মচারীদের ব্যবহৃত ১টি পুরাতন টিন শেড ক্লাব ঘর<br>প্লিথ এরিয়া : সাইজ : ৪০ ফুট × ২৫ ফুট | ১            |
| ২.      | বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ/অফিস/হলের পুরাতন/অকেজো/পরিত্যক্ত মালামাল।                                  | ২            |

আগ্রহী ক্রেতাগণকে আগামী ২৯/০২/২০২৪ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের নিলাম কমিটির সভাপতির অফিস/সদস্য-সচিবের অফিস (শহীদ সৈয়দ নজরুল ইসলাম একাডেমিক ভবন রুম নং-১০০১০) থেকে দরপত্রের শিডিউল সংগ্রহ করে প্রস্তাবিত দর (অংকে ও কথায়) উল্লেখপূর্বক দরপত্র সীলমোহরকৃত খামে একই অফিসে জমা দানের জন্য আহ্বান করা হল। ঐ দিন দুপুর ০২.৩০ ঘটিকায় প্রাপ্ত দরপত্রসমূহ নিলাম কমিটির সভাপতির দপ্তরে উপস্থিত সকল দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) প্রকাশ্যে খোলা হবে এবং সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রদানের পর যথাযথ নিয়মে মূল্য, আয়কর ও ভ্যাট পরিশোধ সাপেক্ষে নিলাম সিডিউলে বর্ণিত নির্দিষ্ট সময়ের মধ্যে উল্লিখিত স্থাপনা অপসারণ/মালামাল নিজ খরচে এবং নিজ দায়িত্বে গেইট পাশের মাধ্যমে নিয়ে যেতে হবে।


বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিলামের নিয়ম অনুসরণ করে নিলাম কার্য সম্পাদন করা হবে এবং প্রস্তাবিত দরের উপর ৫% হারে উৎস কর ও ৭.৫% হারে ভ্যাট প্রদেয় হবে। প্রত্যেক দরপত্রের সাথে দাখিলকৃত মোট দরের অনূর্ধ্ব এক লক্ষ টাকা পর্যন্ত ৮% হারে এবং তদূর্ধ্ব ৫% হারে জামানত (তবে ৫,০০০/- টাকার কম নহে) যে কোন তফসীলি ব্যাংক হতে “ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর” এর অনুকূলে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে দাখিল করতে হবে। নির্ধারিত হারে প্রয়োজনীয় জামানত ব্যতিরেকে কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য, দরপত্র খোলার দিন কোন দরপত্র সিডিউল প্রদান করা হবে না।

  
(অধ্যাপক ড. মোঃ আনওয়ারুল আবেদীন)  
সভাপতি  
নিলাম কমিটি

স্মারক নং-ঢাপ্রপ্রবি/নিলাম/২০২৩-২৪/৩২

তারিখ : ১২/০২/২০২৪ খ্রিঃ

- ১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ২। এপিএস টু প্রো-ভিসি(প্রো- ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৩। রেজিস্ট্রার, অত্র বিশ্ববিদ্যালয়;
- ৪। সকল ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক/হল প্রভোস্ট/অফিস প্রধান/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়;
- ৫। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হইল)।
- ৬। অফিস প্রধান, প্রকৌশল অফিস, অত্র বিশ্ববিদ্যালয়;
- ৭। কম্পট্রোলার (ভারপ্রাপ্ত), অত্র বিশ্ববিদ্যালয়;
- ৮। সকল সদস্য, নিলাম কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়;
- ৯। নিলামযোগ্য মালামালের সংশ্লিষ্ট বিভাগ/অফিস/শাখা, অত্র বিশ্ববিদ্যালয়;
- ১০। সিনিয়র সহকারী পরিচালক (নিরাপত্তা), অত্র বিশ্ববিদ্যালয়;
- ১১। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়;
- ১২। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

  
(প্রকৌশলী মুহাম্মদ মাহবুবুর রহমান)  
সিনিয়র নির্বাহী ইন্সট্রুমেন্ট ইঞ্জিনিয়ার  
প্রকৌশল অফিস ও  
সদস্য-সচিব, নিলাম কমিটি